বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
BANGLADESH POWER DEVELOPMENT BOARD

Office of the Director
Directorate of Public Relations
BPDB, WAPDA Building (10th Floor)
12, Motijheel C/A, Dhaka
Tel.: 02-223380874, Fax: 02-223355205
E-mail : dpr@bpdb.gov.bd

সূত্র নং-২৭.১১.০০০০.১০২.৪১.০০৩.২৫-৪৫

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩২ ব:
২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:

# তথ্য অধিকার আইন, ২০০৯ – কি ও কেন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৩৯(২)(ক) অনুযায়ী রাষ্ট্রের নাগরিকের চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতাকে নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বিদেশি অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বিভিন্ন বেসরকারি সংস্থা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার ২০০৯ সালে 'তথ্য অধিকার আইন ২০০৯' প্রণয়ন করে। এ আইনের ৪ ধারায় প্রতিটি জনগণের তথ্য লাভের অধিকারকে স্বীকৃতি প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় তথ্যের অবাধ প্রবাহের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড 'তথ্য অধিকার আইন ২০০৯' অনুসরণ করে থাকে।

## তথ্য

"তথ্য" অর্থে বিদ্যুৎ বিভাগ ও এর অধীনস্থ ইউনিটসমূহের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অঙ্কিত চিত্র, ফিল্ম, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য-নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

## দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

"দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ 'তথ্য অধিকার আইন ২০০৯' এর ধারা ১০ এর অধীন নিযুক্ত কর্মকর্তা।

## বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট দায়িত্ব পালনের জন্য নিযুক্ত কর্মকর্তা।

**"তথ্য প্রদান ইউনিট"** অর্থ বিদ্যুৎ বিভাগ এবং এর সাথে সংযুক্ত ও এর অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, শাখা কার্যালয়সহ অন্যান্য কার্যালয়সমূহ কে বুঝাবে।

**"আপিল কর্তৃপক্ষ"** অর্থ-

(অ) বিদ্যুৎ বিভাগের ক্ষেত্রে সচিব, বিদ্যুৎ বিভাগ এবং

(আ) অন্য কোন তথ্য প্রদান ইউনিটের ক্ষেত্রে উক্ত ইউনিটের অব্যবহিত উর্ধ্বতন কার্যালয়ের প্রশাসনিক প্রধান।

**"তৃতীয় পক্ষ"** অর্থ তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অনুরোধকৃত তথ্যের সঙ্গে জড়িত অন্য কোন পক্ষ।

**"তথ্য কমিশন"** অর্থ 'তথ্য অধিকার আইন ২০০৯'-এর ধারা ১১-এর অধীন প্রতিষ্ঠিত তথ্য কমিশন।

**"তঅআ, ২০০৯"** বলতে "তথ্য অধিকার আইন ২০০৯" বুঝাবে।

**"তঅবি, ২০০৯"** বলতে "তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯" বুঝাবে।

**"কর্মকর্তা"** অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে।

**" তথ্য অধিকার"** অর্থ কোনো কর্তৃপক্ষের নিকট হইতে তথ্য প্রাপ্তির অধিকার।

**"আবেদন ফরম"** অর্থ অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট-ফরম 'ক' বুঝবে।

**"আপীল ফরম"** অর্থ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯-এর তফসিলে নির্ধারিত আপিল আবেদনের ফরমেট-ফরম 'গ' বুঝাবে।

**"পরিশিষ্ট"** অর্থ নির্দেশিকার সঙ্গে সংযুক্ত পরিশিষ্ট।

সত্যায়িত
মমতাজ পারভীন
উপ-পরিচালক (জনসংযোগ)
আইডি নং-০১-০০০৬
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

**তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি:**

বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন ও অধীনস্থ ইউনিটসমূহের সমুদয় তথ্য নিম্নোক্ত ৩টি শ্রেণীতে ভাগ করা হবে এবং নির্ধারিত বিধান অনুসারে প্রদান, প্রচার বা প্রকাশ করা হবে।

**স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য:**

১) এই ধরনের তথ্য বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন ও অধীনস্থ ইউনিটসমূহ স্বপ্রণোদিত হয়ে নোটিশবোর্ড, ওয়েবসাইট, ব্রোশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ড, সাইন বোর্ড, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট, নিউজ লেটার, পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে প্রকাশ ও প্রচার করবে।

২) এই ধরনের তথ্য চেয়ে কোন নাগরিক আবেদন করলে তখন তা চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা প্রদান করবেন।

৩) বিদ্যুৎ বিভাগ এবং এর অধীনস্ত প্রতিষ্ঠানসমূহ প্রতি বছর একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করবে। বার্ষিক প্রতিবেদনে 'তথ্য অধিকার আইন ২০০৯'এর ধারা ৩(৩)-এ উল্লিখিত তথ্যসমূহ সংযোজন করবে।

৪) বিদ্যুৎ বিভাগ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকা পরিশিষ্টে ও বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

৫) প্রতি তিন মাস অন্তর এই তালিকা হালনাগাদ করা হবে।

**চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য:**

১) এই ধরনের তথ্য কোনো নাগরিকের আবেদনের প্রেক্ষিতে এই নির্দেশিকার ১০ ও ১১ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রদান করতে হবে।

২) বিদ্যুৎ বিভাগ চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে ও বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

৩) প্রতি তিন মাস অন্তর এই তালিকা হালনাগাদ করা হবে।

**প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য:**

এই নির্দেশিকায় অন্যান্য অনুচ্ছেদ যা কিছুই থাকুক না কেন বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন ও অধীনস্থ ইউনিটসমূহ নিম্নোক্ত তথ্যসমূহ প্রদান বা প্রকাশ বা প্রচার করতে বাধ্য থাকবে না।

(ক) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য।

(খ) কোন তথ্য প্রকাশের ফলে বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কাজ ব্যাহত হতে পারে এরূপ তথ্য।

(গ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরূপ তথ্য।

(ঘ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য।

(ঙ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য।

(চ) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য।

(ছ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য।

বিদ্যুৎ/জন- ১৮০ (২)/ ২৪/০২/২৫

২৪/০২/২০২৫

(মোঃ শামীম হাসান)
পরিচালক
জনসংযোগ পরিদপ্তর
বিউবো, ঢাকা।

সত্যায়িত
২৪/০২/২৫
মমতাজ পারভীন
উপ-পরিচালক (জনসংযোগ)
আইডি নং-০৮-০০০৬
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।